

ভূগোল ও পরিবেশ দশম শ্রেণি

1. ভারতের পার্বত্য অঞ্চলে কারাকোরাম, লাদাখ, জাঙ্গর কী হিমালয়ের অংশ ?

উঃ সিন্ধু ও ব্রহ্মপুত্র নদীকে যদি হিমালয়ের উত্তর সীমান্ত ধরা হয় তাহলে কারাকোরাম ও লাদাখ পর্বতশ্রেণী হিমালয়ের অন্তর্গত নয়। অনেক ভূতাত্ত্বিকের মতে এই দুটি পর্বতশ্রেণী ট্রান্স হিমালয়ের অন্তর্গত, যা সিন্ধু নদীর উত্তরদিকে অবস্থিত। প্রকৃতপক্ষে পামীর গ্রন্থী থেকে উদ্ভূত একটি সম্পূর্ণ ভিন্ন পর্বতমালা হলো কারাকোরাম, যার একটি দক্ষিণ-পূর্ব শাখা হল লাদাখ পর্বতমালা।

জাঙ্গর পর্বতমালা সিন্ধু নদীর দক্ষিণে অবস্থিত এবং টেথিস হিমালয়ের একটি শাখা। সুতরাং আমরা বলতে পারি উল্লিখিত তিনটি পর্বতশ্রেণীর মধ্যে একমাত্র জাঙ্গরই হিমালয়ের অংশ।

2. নর্মদা ও তাপি পশ্চিমবাহিনী কেন ?

উঃ ভারতীয় পাত ও ইউরেশীয় পাতের সংঘর্ষের ফলে ভারতের উপদ্বীপীয় মালভূমির উত্তরাংশ পশ্চিমদিকে হেলে যায়। বিন্ধ্য ও সাতপুরার মধ্যবর্তী অংশ চ্যুতির কারণে অবনমিত হয়ে গ্রন্থ উপত্যকার সৃষ্টি করে। এই উপত্যকার মধ্য দিয়ে নর্মদা নদী পশ্চিমদিকে প্রবাহিত হয়েছে। একইভাবে সাতপুরা ও মহারাষ্ট্র মালভূমির মধ্যে সৃষ্ট গ্রন্থ উপত্যকা দিয়ে পশ্চিমে প্রবাহিত হয়েছে তাপি নদী।

3. ভারতের করমণ্ডল উপকূলে বছরে দুবার বৃষ্টিপাত হয় কেন ?

উঃ দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর আরবসাগরীয় শাখা পলঘাট ফাঁক দিয়ে প্রবেশ করে করমণ্ডল উপকূলে জুন মাসে বৃষ্টিপাত ঘটায়। তবে এই সময়ে বৃষ্টিপাত তুলনামূলকভাবে কম হয়। অক্টোবর থেকে ডিসেম্বর মাসের মধ্যে এই অঞ্চলের উপর দিয়ে উত্তর-পূর্ব মৌসুমী বায়ু প্রবাহিত হয়। এই বায়ু বঙ্গোপসাগরের উপর দিয়ে প্রবাহিত হওয়ার সময় প্রচুর পরিমাণে জলীয় বাষ্প সংগ্রহ করে ও করমণ্ডল উপকূলে বৃষ্টিপাত ঘটায়। এভাবেই করমণ্ডল উপকূলে বছরে দুবার বৃষ্টিপাত ঘটে।

4. আন্দামানের থেকে মেঘালয়ের বৃষ্টির পরিমাণ কিছুটা বেশি, অথচ মেঘালয়ের থেকে আন্দামানের স্বাভাবিক উদ্ভিদের ঘনত্ব বেশি কেন ?

উঃ আন্দামানে মেঘালয়ের তুলনায় কম বৃষ্টি হলেও বছরে দুবার বৃষ্টি হয়, একবার দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু ও আরেকবার উত্তর-পূর্ব মৌসুমী বায়ুর প্রভাবে। দ্বীপীয় অবস্থান হওয়ার ফলে আন্দামানে বছরে ওই দুই ঋতু ছাড়াও মাঝে মাঝেই বৃষ্টিপাত হয় ও আর্দ্রতা সর্বদাই বেশি থাকে। ফলে মাটি সারাবছর আর্দ্র থাকে যা চিরহরিৎ উদ্ভিদের পক্ষে আদর্শ। আবার নিরক্ষীয় অঞ্চলের কাছে (10°30' থেকে 13°30' উত্তর) অবস্থিত হওয়ার ফলে এখানে উষ্ণতাও সারাবছর বেশি থাকে। এই আর্দ্র-উষ্ণ পরিবেশ আন্দামানে উদ্ভিদের ঘনত্ব বৃদ্ধি হওয়ার প্রধান কারণ।

অপরদিকে মেঘালয় উপক্রান্তীয় অঞ্চলে অবস্থিত এবং এই অঞ্চলের উচ্চতা গড়ে ১,০০০ মিটারের বেশি। ফলে এখানে উষ্ণতা অনেকটাই কম এবং বছরের মাত্র চার মাস বৃষ্টিপাত হয়। এই কারণে মেঘালয়ের থেকে আন্দামানের স্বাভাবিক উদ্ভিদের ঘনত্ব বেশি।

